



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৪১৯২১/৩২৬৪ /চট্টগ্রাম-১৯৫

তারিখ: ০৪ .১১.২০১৯খ্রি.

বিষয়:- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলাধীন তাহেরীয়া ছাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার সুপার ও সভাপতির বিরুদ্ধে মাদ্রাসার আজীবন দাতা সদস্য দাবীদার জনাব মো: আব্দুর রহিম চৌধুরী একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার সুপার দাতা সদস্যকে না জানিয়ে ম্যানেজিং কমিটি নির্বাচনের তফসিল ঘোষণা করেছেন এবং বিধিবহির্ভূতভাবে খসড়া ভোটার তালিকা প্রণয়ন করেছেন। দাতা সদস্য হিসেবে মাদ্রাসার তহবিলে ৭৫০০০/- প্রদান করেছেন কিন্তু মাদ্রাসার সুপার টাকা জমার রশিদ প্রদান করেননি মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। একইসাথে ম্যানেজিং কমিটির সভাপতি মাদ্রাসার তহবিল থেকে অবৈধভাবে অর্থ আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগে আরও উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক... ৩৫(১)পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
চন্দনাইশ, চট্টগ্রাম

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৯১০৪১৯২১/

/চট্টগ্রাম-১৯৫

তারিখ: .১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চট্টগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম;
৪. সুপার, তাহেরীয়া ছাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, চন্দনাইশ, চট্টগ্রাম;
৫. সভাপতি, তাহেরীয়া ছাবেরিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, চন্দনাইশ, চট্টগ্রাম;
৬. মো: আব্দুর রহিম চৌধুরী (অভিযোগকারী), গ্রাম: পাঠানদন্ডী, পো: পাঠানদন্ডী, নন্দনাইশ, চট্টগ্রাম;
৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৮. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

তারিখ : ১৮/০৯/২০১৯ ইং

বরাবর,
চেয়ারম্যান মহোদয়,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
ঢাকা, বাংলাদেশ।

বিষয় : দাতা সদস্য সম্পর্কিত অভিযোগ।

জনাব,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন সাক্ষরকারী পাঠানদত্তী তাহেরীয়া ছাবেরিয়া সুন্নিয়া মাদ্রাসার আজীবন একজন দাতা সদস্য হই। বর্তমানে মাদ্রাসার পরিচালনা পরিষদের নির্বাচনের ব্যাপারে তফসিল ঘোষণা করা হয়। এই ব্যাপারে আমি দাতা সদস্য হিসেবে আমাকে না জানিয়ে অধ্যক্ষ ও সাবেক সভাপতি তার অনুসারীদেরকে নিয়ে মনমত তফসিল ঘোষণা করেন, যা আমি লোক মারফত জানতে পারি। বর্তমানে মাদ্রাসার অধ্যক্ষ, যে দাতা ভোটার তালিকা করেছেন তা সম্পূর্ণরূপে বিধিবহিষ্টভূত ভাবে করেছেন। বিগত পরিচালনা পরিষদ এর সভাপতি বিভিন্নভাবে মাদ্রাসার তহবিল থেকে টাকা পয়সা আত্মসাত করেন এবং পরবর্তীতেও টাকা পয়সা আত্মসাত করার জন্য নিজের পরিবারের মা, স্ত্রী, ছেলে এবং অন্যান্য আত্মীয়স্বজনদেরকে অবৈধভাবে দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করেন। আমি মাদ্রাসার উন্নয়নের জন্য পঁচিশ হাজার + পঞ্চাশ হাজার সর্বমোট পঁচাত্তর হাজার টাকা তৎকালীন সভাপতি মারফত প্রদান করি যা আমার নামে কোন রশিদ প্রদান করা হয়নি বরং বর্তমান সভাপতির নামে আমার টাকার রশিদ প্রদান করেন। পক্ষান্তরে আমি মাদ্রাসার সাধারণ সভায় আমার প্রদানকৃত টাকার রশিদ চাইলে অধ্যক্ষ তা অস্বীকার করেন। তৎপর আমি সভায় সদস্যদের সামনে সভাপতিকে টাকার কথা জিজ্ঞেস করিলে তিনি অধ্যক্ষকে আমার নামে পঁচাত্তর হাজার টাকার রশিদ প্রদান করার নির্দেশ দেন এবং আরো উল্লেখ করেন উনার (সভাপতি) দানকৃত টাকা হইতে কর্তন করে আমার নামে রশিদ কাটার নির্দেশ দেন, যা এখন পর্যন্ত আমাকে কোন টাকার রশিদ প্রদান করা হয়নি।

এমতাবস্থায়, উক্ত সভাপতি ও অধ্যক্ষ বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করে এবং বিধি মোতাবেক দাতা সদস্য করা হয়েছে কিনা তা যথাযত ভাবে তদন্ত করার জন্য আপনার সদয় অনুরোধ করছি। উল্লেখ্য, যে বিগত দিনে যে অর্থ আত্মসাৎ করা হয়েছে তা যেন ভবিষ্যতে আর না হয় এবং এ সকল দুর্নীতি হতে মাদ্রাসাকে রক্ষার জন্য আপনার নিকট বিনীত অনুরোধ জানাচ্ছি। এবং তদন্ত শেষ না হওয়া পর্যন্ত যেন কোন প্রকার নির্বাচন না হয় তার জন্য ও আপনার নিকট অনুরোধ করছি।

বিনীত নিবেদক

মো. আব্দুর রহিম চৌধুরী
আজীবন দাতা সদস্য
পাঠানদত্তী তাহেরীয়া ছাবেরিয়া সুন্নিয়া মাদ্রাসা
গ্রাম : পোঃ পাঠানদত্তী, চন্দনাইশ, চট্টগ্রাম।

অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা চন্দনাইশ।
২. জেলা শিক্ষা অফিসার চট্টগ্রাম।
৩. প্রিজাইডিং অফিসার, নির্বাচন পরিচালনা সদস্য।